# হাঁস কার

## (ব, দ্ধ, র্ধ্ব, ভ্র, ক্ষ্ণ)



ভগবান বুদ্ধের ছেলেবেলার নাম ছিল সিদ্ধার্থ । তিনি ছিলেন কপিলাবস্তুর রাজপুত্র।

একদিন সিদ্ধার্থ তাঁর উদ্যানে বসেছিলেন । বসে বসে দেখছিলেন — বাগানের ফুল, নদীর জল, আকাশের মেঘ । দেখলেন, উর্ধ্ব আকাশে এক ঝাঁক হাঁস কলরব করে উড়ে যাচ্ছে । শুভ্র তাদের বর্ণ, ললিত তাদের ভঙ্গী, স্বচ্ছন্দ তাদের গতি । তাদের ডানার শব্দে উর্ধ্বাকাশে যেন সঙ্গীত-তরঙ্গ বয়ে যাচ্ছে। বিশ্ব সংসারে সম্পূর্ণ শান্তি ছেয়ে রয়েছে ।

এমন সময় হঠাৎ আর্ত চিৎকারে আকাশ ভরে উঠল ।ধপ্ করে একটা হাঁস এসে পড়ল তাঁর পায়ের কাছে । তার বুকে বিঁধে রয়েছে তীক্ষ্ণ একটা তীর । ক্ষত স্থান থেকে রক্ত ঝরছে । হাঁসটা ক্রমে নিস্পন্দ হয়ে পড়ছে ।

বেদনা ও করুণায় সিদ্ধার্থর মন ভরে গেল । তিনি তাড়াতাড়ি হাঁসটিকে

মাটি থেকে কোলে তুলে নিলেন। তীরের ফলাটি টেনে বের করলেন । তারপর অসীম যত্নে পাখিটিকে সুস্থ করে তুললেন। আদর ক'রে তার গায়ে হাত বুলিয়ে সান্ত্বনা দিতে লাগলেন ।



এমন সময় সেখানে হাজির হ'ল দেবদত্ত । সম্পর্কে সে সিদ্ধার্থর আত্মীয় — খুড়তুতো ভাই । তার হাতে ধনুক, কোমরে অস্ত্র । সে এসেই বলল, ওই পাখিটা আমার। ওটা আমাকে দাও ।

সিদ্ধার্থ জিজ্ঞাসা করলেন, পাখিটার সঙ্গে তোমার কী সম্বন্ধ ? ওটা তোমার হ'ল কি করে ?

দেবদত্ত ক্ষুব্ধ হয়ে বলল, দেখছ না, ওটা আমিই মেরেছি । কাজেই ওটা আমারই প্রাপ্য ।

সিদ্ধার্থ বললেন, যে প্রাণ রক্ষা করে, প্রাণটা তারই পাওনা হয় ।

হত্যাকারীর চেয়ে রক্ষাকারীর অধিকার বেশি । তুমি ওকে মেরেছিলে, আমি ওকে বাঁচিয়েছি । তাই ওর উপর আমার অধিকারই বেশি । আমার প্রাণ থাকতে পাখিটিকে তোমায় দেব না ।

এই বলে সিদ্ধার্থ পাখিটাকে উড়িয়ে দিলেন । দেবদত্ত মাথা নিচু করে ফিরে গেল ।

**নিজে করো**

1. লেখো —

শব্দ = ব্ + দ = ব্দ — শতাব্দী, জব্দ

ক্ষুব্ধ = ব্ + ধ = ব্ধ — লুব্ধ, লব্ধ

সান্ত্বনা = ন্ + ত + ব = ন্ত্ব — সান্ত্বনা

তীক্ষ্ণ = ক + ষ + ণ = ক্ষ্ণ

2. পড়ো ও মনে রাখো

| | | | | | |
|---|---|---|---|---|---|
| উদ্যান | — | বাগান। | ঊর্ধ্ব | — | উপর। |
| কলরব | — | আওয়াজ। | শুভ্র | — | সাদা। |
| বর্ণ | — | রঙ। | ললিত | — | সুন্দর। |
| ভঙ্গি | — | ঢঙ। | স্বচ্ছন্দ | — | অবাধ। |
| আর্ত | — | কাতর। | সঙ্গীত-তরঙ্গ | — | গানের ঢেউ। |
| সম্পূর্ণ | — | পুরো। | তীক্ষ্ণ | — | সূচাল। |
| ক্ষত | — | আঘাত। | নিস্পন্দ | — | অসাড়। |
| করুণা | — | দয়া। | সুস্থ | — | নীরোগ। |
| সান্ত্বনা | — | শান্তকরা। | সম্বন্ধ | — | যোগ। |
| প্রাপ্য | — | পাওনা। | রক্ষা | — | বাঁচানো। |
| হত্যা | — | মেরে ফেলা। | | | |

**3. উত্তর দাও —**

সিদ্ধার্থ কী নামে বিখ্যাত হয়েছেন ? সিদ্ধার্থ কোথাকার রাজপুত্র ছিলেন ? হাঁসের বুকে কী বিঁধে ছিল ? দেবদত্ত সিদ্ধার্থর কী রকম ভাই ? ক্ষত থেকে কী ঝরছিল ? সিদ্ধার্থ কেন পাখিটা দিলেন না ?

**4. যে অংশটি ঠিক নয়, সেটি কেটে দাও —**

সিদ্ধার্থ তার উদ্যানে ( বসেছিলেন / শুয়েছিলেন ) ।

বিশ্ব সংসারে ( শান্তি / অশান্তি ) ছেয়ে রয়েছে ।

হাঁসটা আহত হয়েছিল (তলোয়ারের / তীরের ) আঘাতে ।

সিদ্ধার্থ হাঁসটি উড়িয়ে দিয়ে ( ভুল / ঠিক ) করলেন ।